[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

স্মারক নং-৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২৪/১৯৯৬

তারিখ: ২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ আগস্ট ২০২৬ খ্রি:

বিষয় : কর্ণফুলী পেপার মিলস লিঃ-কে ২০২৫ শিক্ষাবর্ষ পর্যন্ত মাধ্যমিক স্তরের পুরাতন পাঠ্যপুস্তক বিক্রয়/সরবরাহকরণ।

সূত্র: ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.১৫.০০১.২০০১.(অংশ-২)-২০; তারিখ: ১১-০১-২৬ খ্রিঃ
২. এনসিটিবি'র স্মারক নং ৩৭.০৬.০০০০.৩০৩.০০১.২৪/২৬৫; তারিখ: ২১-০১-২৬ খ্রিঃ
৩. কর্ণফুলী পেপার মিলস লিঃ এর সূত্র নম্বর পিডি/কেপিএম/৫৭/২০২৫-২৬/১২৩৯; তারিখ ২৯ জুন ২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রে মাঠপর্যায়ে রক্ষিত ২০২৫ শিক্ষাবর্ষ পর্যন্ত মাধ্যমিক স্তরের পুরাতন পাঠ্যপুস্তক ১৫/-টাকা কেজি দরে কর্ণফুলী পেপার মিলস (কেপিএম) লিঃ এর নিকট বিক্রয় ও সরবরাহের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে দেশের ঢাকা বিভাগের আওতাধীন উক্ত পাঠ্যপুস্তক গ্রহণের জন্য সুত্রোক্ত (৩) পত্রে কেপিএম লিঃ কর্তৃক নিম্নবর্ণিত ১ জন পরিবহন ঠিকাদারের প্রতিনিধির ব্যক্তিগত পরিচয়সহ তালিকা প্রেরণ করা হয়েছে:

ক্রমিক নং	বিভাগ	পরিবহণ ঠিকাদারের প্রতিনিধির নাম ও ঠিকানা
১	ঢাকা	মোঃ রবিউল ইসলাম, পিতা-মোঃ খোকন মোল্লা ঠিকানা: নগরকান্দা, ফরিদপুর। জাতীয় পরিচয় পত্র নং-২৯২৬২০২৮০১০৯৩

কেপিএম মনোনীত পরিবহণ ঠিকাদারের প্রতিনিধির নাম, ঠিকানা ও জাতীয় পরিচয় পত্রের নম্বর প্রেরণ করা হলো।

২। মাঠপর্যায় থেকে উক্ত পাঠ্যপুস্তক সরবরাহকালে নিম্নোক্ত অনুশাসনাবলী পরিপালন করতে হবে:
(ক) পুরাতন পাঠ্যপুস্তক বিক্রি/সরবরাহ করার নিমিত্ত কেপিএম মনোনীত পরিবহন ঠিকাদারের প্রতিনিধির (সত্যায়িত ছবি সম্বলিত) নিকট পুরাতন পাঠ্যপুস্তক সরবরাহ করবে। কোনভাবেই অন্য কোন ব্যক্তির নিকট পাঠ্যপুস্তক সরবরাহ করা যাবে না;
(খ) যতটুকু সম্ভব অতি দ্রুততার সাথে পরিবহণ ঠিকাদারের প্রতিনিধি পাঠ্যপুস্তক গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক/জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের সাথে আলোচনা করবেন।
(গ) ২০২৫ শিক্ষাবর্ষ পর্যন্ত কোন প্রকার পুরাতন পাঠ্যপুস্তক থাকলে বর্ণিত পরিবহণ ঠিকাদারের প্রতিনিধির নিকট উক্ত পাঠ্যপুস্তক সরবরাহ করতে হবে;
(ঘ) পাঠ্যপুস্তক বিক্রির/সরবরাহের পরপরই বিভাগীয় উপ-পরিচালক/জেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ পাঠ্যপুস্তকের পরিমাণ (কেজি/টন) উল্লেখ পূর্বক নির্ধারিত ছক-খ, জেলা পর্যায় এবং ছক-গ, উপজেলা/থানা পর্যায়) এ সংক্রান্ত প্রতিবেদন (হার্ড কপি ও সফট কপি) এবং বিক্রয়কৃত অর্থ সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে জমাদানের কপি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ই-মেইল www.nctb.gov.bd

এবং উক্ত প্রতিবেদনের একটি অনুলিপি ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী পেপার মিলস লিঃ, চন্দ্রঘোনা, কাপ্তাই, রাঙামাটি পাবর্ত্য জেলা (ই-মেইল: icpm1953.cto@gmail.com) বরাবর প্রেরণ করবেন;

(ঙ) সেপ্টেম্বর/২০২৬ এর প্রথমার্ধে মাঠপর্যায়ে ২০২৭ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক সরবরাহ কার্যক্রম আরম্ভ হতে পারে। দ্রুততার সাথে পুরাতন পাঠ্যপুস্তক সরবরাহ/সংগ্রহ করে মাঠপর্যায়ের গুদাম খালি করে ২০২৭ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক সংরক্ষণের জন্য স্থান সংকুলান করতে হবে;
(চ) পাঠ্যপুস্তক সংরক্ষণের স্থান সংকুলানের স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে ২০২৫ শিক্ষাবর্ষ পর্যন্ত ইতোপূর্বেকার পুরাতন পাঠ্যপুস্তক কেপিএম-কে সরবরাহের/কেপিএম কর্তৃক সংগ্রহের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হতে হবে;
৩। এমতাবস্থায়, মাঠপর্যায়ে রক্ষিত ২০২৫ শিক্ষাবর্ষ পর্যন্ত জেলা ও উপজেলা পর্যায়ের উদ্বৃত্ত পুরাতন পাঠ্যপুস্তক কেপিএম মনোনীত পরিবহণ ঠিকাদারের প্রতিনিধির নিকট আগামী ১৪ অক্টোবর ২০২৬ এর মধ্যে সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

১৭/৮/২০২৬
(শাহ মুহাম্মদ ফিরোজ আল ফেরদৌস)
সচিব
ফোন: ২২৩৩-৮৫৬৪৪

১। উপ-পরিচালক, ঢাকা অঞ্চল
২। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ঢাকা বিভাগ
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ঢাকা বিভাগ

স্মারক নং-৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২৪/ ২২০৯

তারিখ: ০১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২৬ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী পেপার মিলস লিঃ, চন্দ্রঘোনা, কাপ্তাই, রাঙামাটি পার্বত্য জেলা (নির্ধারিত সময়ের মধ্যে মাঠপর্যায় থেকে বর্ণিত পাঠ্যপুস্তক সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৩. উর্ধ্বতন ভান্ডার কর্মকর্তা, এনসিটিবি।
৪. প্রোগামার (অ.দা.), এনসিটিবি (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৫. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. পি এ টু চেয়ারম্যান, এনসিটিবি
৭. পি এ টু সচিব, এনসিটিবি
৮. সংরক্ষণ নথি।

১৭/৮/২৬
সিরাজুল ইসলাম
উপসচিব (প্রশাসন), এনসিটিবি
ফোন: ২২৩৩৮২৫৮৬